

বিশুদ্ধ জীবনের আশায়

হাট করে খোলা আছে প্রবল জ্বালামুখ
যে কোন সময়ে ছুটে যাবে ত্রস্ত প্রজাপতি
আগুনের রঙিন নেশায় এক অমোঘ আকর্ষণে।

কে এত রেখেছে রৌদ্রভাষা - সে কি দুরন্ত প্রেমিক?
প্রথম বৃষ্টিকে বুকে টেনে নেবে নিশ্চিন্তের গূঢ় আশ্রয়ে
জমিতে ছড়ানো সবুজ ফসলের মত টুকরো মধুর স্মৃতি
সিঁদুরের টিপে লেখা কত বৃষ্টিকথা, ভাবছি
সন্তানের জন্মদাগে এ কী পিছুটান!
বিশুদ্ধ জীবনের আশায় আঃ নিঃশব্দ ভাসান!

শঙ্কর বসু

